

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
১৮ শহীদ তাজউদ্দিন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.dlrs.gov.bd

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০৩.১৮.০১৮.১৭ - ৮২৬/১ (২)

তারিখঃ ১৭/০৯/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ ল্যাণ্ড সার্ভে আপীলেট ট্রাইব্যুনালের কার্যক্রম শুরু করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, The State Acquisition and Tenancy Act. 1950 এর ধারা ১৪৫ (বি) অনুযায়ী ল্যাণ্ড সার্ভে আপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা গঠন করা হয়, যা বাংলাদেশ গেজেটে অতিরিক্ত সংখ্যায় ৫ নভেম্বর ২০১২ তারিখ প্রকাশিত হয়েছে এবং এর স্থানীয় অধিক্ষেত্র সমগ্র বাংলাদেশ (গেজেটের কপি সংযুক্ত)। ল্যাণ্ড সার্ভে আপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা গঠন করা হলেও এর কার্যক্রম এখনো শুরু হয়নি। তথ্য মতে সারাদেশে মোট ১২ টি ল্যাণ্ড সার্ভে ট্রাইব্যুনালে ৩০ জুন ২০১৯ পর্যন্ত ১৬৭৪৯৭ টি মামলা বিচারাধীন আছে।

২। মাঠ পর্যায়ে পরিদর্শনকালে সহকারী কমিশনার (ভূমি) গণ অবহিত করেন যে, ল্যাণ্ড সার্ভে ট্রাইব্যুনালের আদেশে অনেক সরকারী ভূমি ব্যক্তি মালিকানায়ে রেকর্ড সংশোধনের আদেশ হয়। বিজ্ঞ আদালতের আদেশ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রতিপালনের বাধ্যবাধকতা রয়েছে। অন্যথায় আদালত অবমাননা মামলার উদ্ভব হতে পারে। অন্যদিকে সরকারী ভূমি রক্ষার্থে আপীলের নির্দেশনা রয়েছে। কিন্তু ল্যাণ্ড সার্ভে আপীলেট ট্রাইব্যুনালের কার্যক্রম শুরু না হওয়ায় সরকার পক্ষে আপীল দায়ের করা সম্ভব হচ্ছে না। ফলে সহকারী কমিশনার (ভূমি) গণ রেকর্ড সংশোধনে সমস্যার সন্মুখীন হচ্ছেন। ল্যাণ্ড সার্ভে আপীলেট ট্রাইব্যুনালের অভাবে ভূমি মালিকগণও আপীলের অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। এজন্য তাদেরকে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট আবেদন দায়ের করতে হচ্ছে।

৩। বর্ণিতাবস্থায় সরকারী ও জনস্বার্থ বিবেচনায় ল্যাণ্ড সার্ভে আপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা এর কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ তসলীমুল ইসলাম এনডিসি)
মহাপরিচালক

ফোনঃ ৮১৭০৪৮৫

e-mail; dgdlrs@gmail.com

সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।